"পরিসংখ্যান ব্যবস্থার উন্নয়ন
স্মার্ট বাংলাদেশ গঠন"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
প্রশাসন-২ অধিশাখা

নং-৫২.০০.০০০০.০০৬.২৩.৭২৮ (অংশ-৩).২০-৫৮৩

তারিখ: ৩০ পৌষ ১৪৩০
১৪ জানুয়ারি ২০২৪

বিষয়: "জাতীয় পরিসংখ্যান দিবস ২০২৪" উদ্‌যাপন উপলক্ষ্যে **২য় প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী:**

সভাপতি : ড. শাহনাজ আরেফিন, *এনডিসি*
সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
তারিখ ও সময় : ০৪ জানুয়ারি ২০২৪, সকাল ১১:৩০ মিনিট
স্থান : পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সভাকক্ষ (ব্লক-এ)
সভার উপস্থিতি : পরিশিষ্ট-ক

সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে যুগ্মসচিব (প্রশাসন), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ সভার আলোচ্যসূচি উপস্থাপনের জন্য উপসচিব (প্রশাসন-২)-কে আহবান জানান। উপসচিব (প্রশাসন-২) সভাকে অবহিত করেন যে, পরিসংখ্যান ব্যবস্থাকে প্রাতিষ্ঠানিক রূপদানের লক্ষ্যে জনকল্যাণমুখী ও দেশের উন্নয়ন পরিকল্পনায় অবদান রাখার বিষয় উপস্থাপনের নিমিত্ত ০৮ জুন ২০২০ তারিখে অনুষ্ঠিত মন্ত্রিসভার বৈঠকে ২৭ ফেব্রুয়ারি 'জাতীয় পরিসংখ্যান দিবস' ঘোষণার প্রস্তাব অনুমোদন করা হয়। দিবসটিকে "খ" শ্রেণিতে অন্তর্ভুক্ত করে প্রতি বছর ২৭ ফেব্রুয়ারি তারিখকে "জাতীয় পরিসংখ্যান দিবস" হিসেবে পালন করার সিদ্ধান্ত গৃহীত হয়। কোভিড-১৯ পরিস্থিতি বিবেচনায় ২০২১ সালে মুজিব শতবর্ষে প্রথমবার এবং সর্বশেষ ২০২৩ সালে ৩য় বারের মত "জাতীয় পরিসংখ্যান দিবস" পালন করা হয়।

২। "খ" শ্রেণির দিবস পালনে যেরূপ নির্দেশনা রয়েছে তা অনুসরণ করে দিবসটি পালনের জন্য সভাপতি মহোদয় নির্দেশনা প্রদান করেন। সভাপতি মহোদয় সভায় আরো উল্লেখ করেন যে, বিস্তৃত পরিসরে সরকারের উন্নয়ন কার্যক্রমের পরিসংখ্যানগত তথ্য- উপাত্ত প্রচারসহ পরিসংখ্যানের গুরুত্ব তুলে ধরে আগামী ২৭ ফেব্রুয়ারি ২০২৪ সালে জাতীয় পরিসংখ্যান দিবসটি পালন করার পদক্ষেপ গ্রহণ করা যায়।

৩। সিদ্ধান্ত: সভায় বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রম. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১. | **জাতীয় পরিসংখ্যান দিবস পালনের মূল কমিটি গঠন** | জাতীয় পরিসংখ্যান দিবস ২০২৪ যথাযথ মর্যাদায় পালনের লক্ষ্যে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ-এর অতিরিক্ত সচিব (তথ্য ব্যবস্থাপনা)-কে আহবায়ক করে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ ও বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর কর্মকর্তাগণের সমন্বয়ে ০৯ (নয়) সদস্য বিশিষ্ট দিবস পালনের মূলকমিটি গঠন করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | জাতীয় পরিসংখ্যান দিবস ২০২৪ যথাযথ মর্যাদায় পালনের লক্ষ্যে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ-এর অতিরিক্ত সচিব (তথ্য ব্যবস্থাপনা)-কে আহবায়ক করে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ ও বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর কর্মকর্তাগণের সমন্বয়ে নিম্নবর্ণিত ০৯ (নয়) সদস্য বিশিষ্ট দিবস পালনের মূলকমিটি গঠনের বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয় (**মূলকমিটি: পরিশিষ্ট-খ সংযুক্ত**)। | পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো |
| ২. | **জাতীয় পরিসংখ্যান দিবস পালনের উপকমিটি গঠন** | জাতীয় পরিসংখ্যান দিবস ২০২৪ যথাযথ মর্যাদায় পালনের লক্ষ্যে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ ও বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর কর্মকর্তাগণের সমন্বয়ে দিবস পালন সংক্রান্ত বিভিন্ন উপকমিটি সংশোধনপূর্বক পুনরায় গঠনের বিষয়ে সভায় আলোচনা হয়। | জাতীয় পরিসংখ্যান দিবস ২০২৪ যথাযথ মর্যাদায় পালনের লক্ষ্যে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ ও বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর কর্মকর্তাগণের সমন্বয়ে দিবস পালন সংক্রান্ত বিভিন্ন উপকমিটি গঠনের বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয় (**উপকমিটিসমূহ: পরিশিষ্ট-গ সংযুক্ত**)। | পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো |

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

পূর্ব পৃষ্ঠার পর

| ক্রম. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ৩. | **দিবস পালনে অর্থ বরাদ্দ সংক্রান্ত** | জাতীয় পরিসংখ্যান দিবস ২০২৪ পালনের নিমিত্ত পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো ০২ (দুই) টি সংস্থা হতে কতটাকা খরচ করা যাবে সে অনুপাতে উপকমিটিসমূহ কর্মপরিধি নির্ধারণপূর্বক দিবস পালনের সম্ভাব্য ব্যয় প্রাক্কলন করে মূলকমিটি-কে অবহিত এবং অনুমোদন গ্রহণ করবেন মর্মে সভায় আলোচনা করা হয়। | জাতীয় পরিসংখ্যান দিবস ২০২৪ পালনের নিমিত্ত পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো ০২ (দুই) টি সংস্থা হতে কতটাকা খরচ করা যাবে সে অনুপাতে উপকমিটিসমূহ কর্মপরিধি নির্ধারণপূর্বক দিবস পালনের সম্ভাব্য ব্যয় প্রাক্কলন করে মূলকমিটি-কে অবহিত এবং অনুমোদন গ্রহণ করবেন মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয় **(পরিশিষ্ট-গ: ১৪)**। | পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো |
| ৪. | **দিবসের শ্রেণি উন্নীতকরণ সংক্রান্ত** | আন্তর্জাতিক পরিসংখ্যান দিবসের সাথে মিল রেখে জাতীয় পরিসংখ্যান দিবসের তারিখ ২৭ ফেব্রুয়ারি-এর পরিবর্তে ২০ অক্টোবর নির্ধারণ করা গেলে দিবসটি আরও মর্যাদায় পালন করা সম্ভব হবে মর্মে সভায় মত প্রকাশ করা হয়। বর্তমানে ২৭ ফেব্রুয়ারি জাতীয় পরিসংখ্যান দিবস আন্তর্জাতিক পরিসংখ্যান দিবসের সাথে মিল রেখে ২০ অক্টোবর ২০২৪ করার উদ্যোগ গ্রহণের বিষয়ে মত প্রকাশ করা হয় এবং জাতীয় পরিসংখ্যান দিবসটিকে "খ" শ্রেণি হতে "ক" শ্রেণিতে উন্নীতকরণের উদ্যোগ গ্রহণের বিষয় সভায় বিস্তারিত আলোচনা হয়। | আন্তর্জাতিক ও জাতীয় পরিসংখ্যান দিবস একই তারিখে পালন এবং জাতীয় পরিসংখ্যান দিবসকে 'ক' শ্রেণিতে উন্নীতকরণের লক্ষ্যে একটি সার-সংক্ষেপ মাননীয় প্রধানমন্ত্রী বরাবর প্রেরণের জন্য মহাপরিচালক, বিবিএস প্রস্তাব প্রেরণ করবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো |
| ৫. | **কেন্দ্রীয় ও মাঠ পর্যায়ে দিবস উদযাপন** | পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো যৌথভাবে দিবসটি পালন করবে। একই সাথে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর মাঠ পর্যায়ে অবস্থিত অফিসসমূহ (বিভাগীয়, জেলা ও উপজেলা পর্যায়) স্থানীয় প্রশাসনের সাথে সমন্বয় করে দিবসটি পালন করবে। যেসকল বিভাগীয় অফিস, জেলা অফিস একই শহরে অবস্থিত, সেসকল জেলার, উপজেলা অফিসসমূহ জেলা সদর দপ্তর অফিসের সাথে সমন্বয় করে দিবসটি পালন করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো যৌথভাবে দিবসটি পালন করবে। একই সাথে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর মাঠ পর্যায়ে অবস্থিত অফিসসমূহ (বিভাগীয়, জেলা ও উপজেলা পর্যায়) স্থানীয় প্রশাসনের সাথে সমন্বয় করে দিবসটি পালন করবে। যেসকল বিভাগীয় অফিস, জেলা অফিস একই শহরে অবস্থিত, সেসকল জেলার, উপজেলা অফিসসমূহ জেলা সদর দপ্তর অফিসের সাথে সমন্বয় করে দিবসটি পালন করার বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয় **(পরিশিষ্ট-গ: ৫)**। | পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো |
| ৬. | **প্রতিপাদ্য নির্ধারণ** | জাতীয় পরিসংখ্যান দিবসের বিগত বছরসমূহের প্রতিপাদ্য এবং আন্তর্জাতিক প্রতিপাদ্য এর সমন্বয়ে জাতীয় পরিসংখ্যান দিবস ২০২৪ এর জন্য একটি বিশ্বমানের প্রতিপাদ্য নির্বাচন করতে হবে। প্রতিপাদ্য নির্ধারণ সংক্রান্ত উপকমিটি এবং মূলকমিটি কর্তৃক চূড়ান্ত প্রতিপাদ্য নির্বাচন করা যেতে পারে মর্মে সভায় আলোচনা হয়। | জাতীয় পরিসংখ্যান দিবসের বিগত বছরসমূহের প্রতিপাদ্য এবং আন্তর্জাতিক প্রতিপাদ্য এর সমন্বয়ে জাতীয় পরিসংখ্যান দিবস ২০২৪ এর জন্য একটি বিশ্বমানের প্রতিপাদ্য নির্বাচন করতে হবে। প্রতিপাদ্য নির্ধারণ সংক্রান্ত উপকমিটি এবং মূলকমিটি কর্তৃক চূড়ান্ত নির্বাচন করা হবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয় **(পরিশিষ্ট-গ: ১)**। | জাতীয় পরিসংখ্যান দিবস ২০২৪ এর প্রতিপাদ্য নির্ধারণ উপকমিটি |
| ৭. | **মূল অনুষ্ঠানের প্রধান অতিথি** | সরকারের উন্নয়ন কর্মকান্ড ও ভবিষ্যত পরিকল্পনাসমূহ গুরুত্ব সহকারে উপস্থাপনের লক্ষ্যে চলতি বছরের দিবস উদ্‌যাপনের মূল অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে মাননীয় মন্ত্রী, পরিকল্পনা মন্ত্রণালয়-কে আমন্ত্রণ জানানোর বিষয়ে সভায় আলোচনা হয়। | সরকারের উন্নয়ন কর্মকান্ড ও ভবিষ্যত পরিকল্পনাসমূহ গুরুত্ব সহকারে উপস্থাপনের লক্ষ্যে চলতি বছরের দিবস উদ্‌যাপনের মূল অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে মাননীয় মন্ত্রী, পরিকল্পনা মন্ত্রণালয়-কে আমন্ত্রণ জানানোর বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো |

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

পূর্ব পৃষ্ঠার পর

| ক্রম. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ৮. | **ভেন্যু নির্ধারণ ও ব্যবস্থাপনা** | জাতীয় পরিসংখ্যান দিবস ২০২৪ মূল অনুষ্ঠান বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো'র নিচতলায় অবস্থিত অডিটরিয়ামে আয়োজন করা যেতে পারে মর্মে সভায় বিস্তারিত আলোচনা হয়। | জাতীয় পরিসংখ্যান দিবস ২০২৪ মূল অনুষ্ঠান বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো'র নিচতলায় অবস্থিত অডিটরিয়ামে আয়োজন করা যেতে পারে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয় **(পরিশিষ্ট-গ: ২)**। | ভেন্যু নির্ধারণ ও ব্যবস্থাপনা উপকমিটি |
| ৯. | **অভ্যাগত অতিথিগণের আসন বিন্যাস ও অভ্যর্থনা** | জাতীয় পরিসংখ্যান দিবস ২০২৪ এর মূল অনুষ্ঠানে আমন্ত্রিত অতিথিগণের অভ্যর্থনা, আসন বিন্যাস এবং অনুষ্ঠানে নিরাপত্তা সংক্রান্ত যাবতীয় কার্যক্রম সম্পন্নের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | জাতীয় পরিসংখ্যান দিবস ২০২৪ এর মূল অনুষ্ঠানে আমন্ত্রিত অতিথিগণের অভ্যর্থনা, আসন বিন্যাস এবং অনুষ্ঠানে নিরাপত্তা সংক্রান্ত যাবতীয় কার্যক্রম বিষয়ে সংশ্লিষ্ট উপকমিটি কর্তৃক যথাযথভাবে সম্পন্ন করা যেতে পারে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয় **(পরিশিষ্ট-গ: ৩)**। | অভ্যর্থনা উপকমিটি |
| ১০. | **অতিথিদের তালিকা প্রস্তুত এবং আমন্ত্রণপত্র প্রেরণ সংক্রান্ত** | জাতীয় পরিসংখ্যান দিবস ২০২৪ এর মূল অনুষ্ঠানে অতিথিদের পূর্ণাঙ্গ তালিকা প্রস্তুতপূর্বক উর্ধ্বতন কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণ, যোগাযোগ, আমন্ত্রণপত্র তৈরি, মুদ্রণ এবং প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | জাতীয় পরিসংখ্যান দিবস ২০২৪ এর মূল অনুষ্ঠানে অতিথিদের পূর্ণাঙ্গ তালিকা প্রস্তুতপূর্বক উর্ধ্বতন কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণ, যোগাযোগ, আমন্ত্রণপত্র তৈরি, মুদ্রণ এবং প্রেরণ করতে হবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয় **(পরিশিষ্ট-গ: ১)**। | অতিথিদের তালিকা প্রস্তুত এবং আমন্ত্রণপত্র প্রেরণ সংক্রান্ত উপকমিটি |
| ১১. | **প্রচার-প্রচারণা ও প্রেস কনফারেন্স সংক্রান্ত** | জাতীয় পরিসংখ্যান দিবস যথাযথভাবে পালনে দিনব্যাপী বিষয়ভিত্তিক আলোচনা সভা, সাংস্কৃতিক অনুষ্ঠান, ডকুমেন্টারি ও ফ্ল্যায়ার প্রকাশ করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | জাতীয় পরিসংখ্যান দিবস যথাযথভাবে পালনে দিনব্যাপী বিষয়ভিত্তিক আলোচনা সভা, সাংস্কৃতিক অনুষ্ঠান, ডকুমেন্টারি ও ফ্ল্যায়ার প্রকাশ করতে হবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয় **(পরিশিষ্ট-গ: ৬)**। | প্রচার-প্রচারণা ও প্রেস কনফারেন্স সংক্রান্ত উপকমিটি |
| ১২. | **ভিডিও ডকুমেন্টারি প্রস্তুত এবং প্রদর্শন** | পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো এবং পরিকল্পনা বিভাগ এর গুরুত্বপূর্ণ কার্যক্রমসহ বিভিন্ন শুমারির তথ্য আপডেটপূর্বক ১৮-২০ মিনিটের তথ্যবহুল ০১ (এক) টি ডকুমেন্টারি এবং সংক্ষিপ্ত আকারে ৫-৭ মিনিটের ০১ (এক) টি ডকুমেন্টারি তৈরি করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো এবং পরিকল্পনা বিভাগ এর গুরুত্বপূর্ণ কার্যক্রমসহ বিভিন্ন শুমারির তথ্য আপডেটপূর্বক ১৮-২০ মিনিটের তথ্যবহুল ০১ (এক) টি ডকুমেন্টারি এবং সংক্ষিপ্ত আকারে ৫-৭ মিনিটের ০১ (এক) টি ডকুমেন্টারি তৈরি করে মূলকমিটির অনুমোদনপূর্বক দিবস পালনের মূলঅনুষ্ঠানে প্রদর্শন করতে হবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয় **(পরিশিষ্ট-গ: ৭)**। | ডকুমেন্টারি প্রদর্শন সংক্রান্ত উপকমিটি |
| ১৩. | **স্মরণিকা ও ফ্ল্যায়ার (Flyer) প্রকাশ সংক্রান্ত** | জাতীয় পরিসংখ্যান দিবস ২০২৪ যেহেতু বাজেট বরাদ্দের সাথে সীমাবদ্ধ রেখে আয়োজনের বিষয়ে প্রাথমিকভাবে সিদ্ধান্ত গৃহীত হয়েছে। এক্ষেত্রে বাজেট প্রাপ্তি সাপেক্ষে স্মরণিকা এবং স্বল্প খরচে পর্যাপ্ত তথ্যসমৃদ্ধ ফ্ল্যায়ার (Flyer) প্রকাশের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | জাতীয় পরিসংখ্যান দিবস ২০২৪ যেহেতু বাজেট বরাদ্দের সাথে সীমাবদ্ধ রেখে আয়োজনের বিষয়ে প্রাথমিকভাবে সিদ্ধান্ত গৃহীত হয়েছে। এক্ষেত্রে বাজেট প্রাপ্তি সাপেক্ষে স্মরণিকা এবং স্বল্প খরচে পর্যাপ্ত তথ্যসমৃদ্ধ ফ্ল্যায়ার (Flyer) প্রকাশের বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয় **(পরিশিষ্ট-গ: ৮)**। | স্মরণিকা প্রকাশ সংক্রান্ত উপকমিটি |
| ১৪. | **সেমিনার সংক্রান্ত** | জাতীয় পরিসংখ্যান দিবস ২০২৪ যথাযথভাবে উদ্‌যাপনের লক্ষ্যে পরিসংখ্যানের বিভিন্ন গুরুত্বপূর্ণ তথ্য উপস্থাপনসহ মাননীয় মন্ত্রী, পরিকল্পনা মন্ত্রণালয়, পরিকল্পনা কমিশন-এর একজন বক্তা, একজন একাডেমিশিয়ান এবং বিবিএস হতে একজন বক্তা এর বক্তব্য প্রদানের জন্য ছোট পরিসরে একটি সেমিনার আয়োজনের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | জাতীয় পরিসংখ্যান দিবস ২০২৪ যথাযথভাবে উদ্‌যাপনের লক্ষ্যে পরিসংখ্যানের বিভিন্ন গুরুত্বপূর্ণ তথ্য উপস্থাপনসহ মাননীয় মন্ত্রী, পরিকল্পনা মন্ত্রণালয়, পরিকল্পনা কমিশন-এর একজন বক্তা, একজন একাডেমিশিয়ান এবং বিবিএস হতে একজন বক্তা এর বক্তব্য প্রদানের জন্য ছোট পরিসরে একটি সেমিনার আয়োজন করতে হবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয় **(পরিশিষ্ট-গ: ১৫)**। | সেমিনার সংক্রান্ত উপকমিটি |

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

পূর্ব পৃষ্ঠার পর

| ক্রম. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১৫. | **র‍্যালি সংক্রান্ত উপকমিটি** | জাতীয় পরিসংখ্যান দিবস ২০২৪ যথাযথ মর্যাদায় পালনের নিমিত্ত জাঁকজমক ও আড়ম্বরপূর্ণভাবে র‍্যালি আয়োজনের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | জাতীয় পরিসংখ্যান দিবস ২০২৪ যথাযথ মর্যাদায় পালনের নিমিত্ত জাঁকজমক ও আড়ম্বরপূর্ণভাবে র‍্যালি আয়োজনের বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয় **(পরিশিষ্ট-গ: ১১)**। | র‍্যালি সংক্রান্ত উপকমিটি |
| ১৬. | **আপ্যায়ন সংক্রান্ত** | জাতীয় পরিসংখ্যান দিবস ২০২৪ যথাযথভাবে উদ্‌যাপনের নিমিত্ত বাজেট/অর্থ সংক্রান্ত উপকমিটির সাথে সমন্বয়পূর্বক উন্নতমানের আপ্যায়নের ব্যবস্থা গ্রহণের বিষয়ে সভায় আলোচনা হয়। | জাতীয় পরিসংখ্যান দিবস ২০২৪ যথাযথভাবে উদ্‌যাপনের নিমিত্ত বাজেট/অর্থ সংক্রান্ত উপকমিটির সাথে সমন্বয়পূর্বক উন্নতমানের আপ্যায়নের ব্যবস্থা করতে হবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয় **(পরিশিষ্ট-গ: ১৩)**। | আপ্যায়ন সংক্রান্ত উপকমিটি |
| ১৭. | **উন্নয়ন সহযোগী এবং শিক্ষা প্রতিষ্ঠান সংক্রান্ত** | দিবসটি যথাযোগ্য মর্যাদায় উদযাপনের জন্য এবং দিবসের মূল অনুষ্ঠানে অংশগ্রহণের জন্য বিভিন্ন পাবলিক বিশ্ববিদ্যালয়ের পরিসংখ্যান বিভাগের আগ্রহী শিক্ষকগণ, পরিসংখ্যান বিষয়ক অন্যান্য সরকারি প্রতিষ্ঠানসমূহকে অনুরোধ জানিয়ে পত্র প্রেরণ করার বিষয়ে আলোচনা হয়। এছাড়া যেসব পাবলিক বিশ্ববিদ্যালয়ে পরিসংখ্যান বিভাগ আছে সেসব বিশ্ববিদ্যালয়সমূহ দিবস পালনে ভূমিকা নেয়ার জন্য সচিব মহোদয়ের স্বাক্ষরে শুভেচ্ছা পত্র প্রেরণের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | দিবসটি যথাযোগ্য মর্যাদায় উদযাপনের জন্য এবং দিবসের মূল অনুষ্ঠানে অংশগ্রহনের জন্য বিভিন্ন পাবলিক বিশ্ববিদ্যালয়ের পরিসংখ্যান বিভাগের আগ্রহী শিক্ষকগণ, পরিসংখ্যান বিষয়ক অন্যান্য সরকারি প্রতিষ্ঠানসমূহকে অনুরোধ জানিয়ে পত্র প্রেরণ করার বিষয়ে আলোচনা হয়। এছাড়া যেসব পাবলিক বিশ্ববিদ্যালয়ে পরিসংখ্যান বিভাগ আছে সেসব বিশ্ববিদ্যালয়সমূহ দিবস পালনে ভূমিকা নেয়ার জন্য সচিব মহোদয়ের স্বাক্ষরে শুভেচ্ছা পত্র প্রেরণ করা যেতে পারে মর্মে বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। এ বিষয়ে **ড. দিপংকর রায়, যুগ্মসচিব (উন্নয়ন)** শুভেচ্ছা পত্রের খসড়া প্রস্তুত করবেন **(পরিশিষ্ট-গ: ১০)**। | উন্নয়ন সহযোগী এবং শিক্ষা প্রতিষ্ঠান সংক্রান্ত উপকমিটি |
| ১৮. | **সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন** | জাতীয় পরিসংখ্যান দিবস ২০২৪ যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপনের লক্ষ্যে ১০-১৫ মিনিটের বেশি নয় এমন একটি মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান প্রর্দশনের আয়োজন করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | জাতীয় পরিসংখ্যান দিবস ২০২৪ যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপনের লক্ষ্যে ১০-১৫ মিনিটের বেশি নয় এমন একটি মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান প্রর্দশনের আয়োজন করতে হবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয় **(পরিশিষ্ট-গ: ১৮)**। | সাংস্কৃতিক উপকমিটি |
| ১৯. | **সাজসজ্জা সংক্রান্ত** | জাতীয় পরিসংখ্যান দিবস ২০২৪ যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপনের লক্ষ্যে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস)-এর বিভিন্ন স্থানে, ভবনের প্রবেশমুখসহ অন্যান্য গুরুত্বপূর্ণ স্থান সুন্দরভাবে সাজানোর বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | জাতীয় পরিসংখ্যান দিবস ২০২৪ যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপনের লক্ষ্যে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস)-এর বিভিন্ন স্থানে, ভবনের প্রবেশমুখসহ অন্যান্য গুরুত্বপূর্ণ স্থান সুন্দরভাবে সাজানোর বিষয়ে দিবস পালনের সাজসজ্জার সার্বিক কার্যক্রম গ্রহণের করতে হবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয় **(পরিশিষ্ট-গ: ১৭)**। | সাজসজ্জা সংক্রান্ত উপকমিটি |

4

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

পূর্ব পৃষ্ঠার পর

| ক্রম. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ২০. | **শিশু কিশোরদের অংশগ্রহণে কুইজ প্রতিযোগিতা এবং পুরস্কার প্রদান সংক্রান্ত** | জাতীয় পরিসংখ্যান দিবস ২০২৪ যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপনের লক্ষ্যে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস)-এর কর্মকর্তা/কর্মচারীগণের সন্তানদের অংশগ্রহণে দুইটি গ্রুপে বিভক্ত করে (৩য়-৫ম শ্রেণি এবং ৬ষ্ঠ-৮ম শ্রেণি) কুইজ প্রতিযোগিতা/চিত্রাংকন প্রতিযোগিতার আয়োজন এবং পুরস্কার প্রদান করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | জাতীয় পরিসংখ্যান দিবস ২০২৪ যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপনের লক্ষ্যে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস)-এর কর্মকর্তা/কর্মচারীগণের সন্তানদের অংশগ্রহণে দুইটি গ্রুপে বিভক্ত করে (৩য়-৫ম শ্রেণি এবং ৬ষ্ঠ-৮ম শ্রেণি) কুইজ প্রতিযোগিতা/চিত্রাংকন প্রতিযোগিতার আয়োজন এবং পুরস্কার **(আনুমানিক ছয়টি)** প্রদান করা যেতে পারে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয় **(পরিশিষ্ট-গ: ১২)**। | শিশু কিশোরদের অংশগ্রহণে কুইজ/চিত্রাংকন প্রতিযোগিতা এবং পুরস্কার প্রদান সংক্রান্ত উপকমিটি |

৪। সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৭.০১.০২৪

ড. শাহনাজ আরেফিন, *এনডিসি*
সচিব
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ

নং-৫২.০০.০০০০.০০৬.২৩.৭২৮ (অংশ-৩).২০-৫৮৩

তারিখ: ৩০ পৌষ ১৪৩০ / ১৪ জানুয়ারি ২০২৪

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। অতিরিক্ত সচিব (সকল), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।
০২। মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো।
০৩। যুগ্মসচিব (সকল), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।
০৪। উপমহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো।
০৫। উপসচিব (সকল), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।
০৬। পরিচালক (সকল), বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো।
০৭। প্রকল্প পরিচালক (সকল), বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো।
০৮। সিস্টেম এনালিস্ট, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।
০৯। সিনিয়র সহকারী সচিব, (সকল), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।
১০। সহকারী সচিব (সকল), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।
১১। প্রোগ্রামার, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।
১২। আয়ন-ব্যয়ন কর্মকর্তা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
১৩। সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।

অনুলিপি:

১। সচিবের একান্ত সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২। অফিস কপি।

১৫.০১.২৪

মোঃ ফরিদ হোসেন
উপসচিব